

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ পুলিশ, যুগ্ম-পুলিশ কমিশনার (ট্রান্সপোর্ট) কর্তৃক স্বাক্ষরিত ১৪-০১-২০২৪ তারিখের ডিএমপি/জেসি(ট্রান্সপোর্ট)/পিএ/১২(০৮) সংখ্যক স্মারক অনুযায়ী “ডিএমপি’র ৪৯তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে ঢাকা মহানগরীর স্বনামধন্য সরকারি/বেসরকারি স্কুল, মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী হতে রচনা সংগ্রহপূর্বক প্রেরণ” বিষয়ক পত্র প্রেরণ করে। উক্ত পত্রানুযায়ী ঢাকা মেট্রোপলিটন পুলিশের ৪৯তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে গত ০৯-০১-২০২০ তারিখে মাননীয় পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে সভায় ঢাকা মহানগরীর স্বনামধন্য সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে রচনা প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক সংযুক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী বর্ণিত বিষয়বস্তুর উপর শিক্ষার্থীদের নিকট রচনা সংগ্রহপূর্বক ২২-০১-২০২৪ তারিখের মধ্যে প্রেরণের অনুরোধ জানানো হয়েছে।

এ প্রেক্ষিতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের আহ্বী শিক্ষার্থীদের সংযুক্ত বিজ্ঞপ্তি অনুসরণপূর্বক প্রস্তুতকৃত রচনা (প্রয়োজনীয় কাগজপত্রাদি সহ) ২১-০১-২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তি

(শেখ রেজাউল কারিম)

রেজিস্ট্রার

ফোনঃ ৪৪৮১৪০০৬

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে)ঃ

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল), শেকৃবি, ঢাকা
- ৩। পরিচালক (সংশ্লিষ্ট), শেকৃবি, ঢাকা
- ৪। পরিচালক (আইসিটি সেল), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবি’র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৫। অতিরিক্ত পরিচালক/জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকৃবি, ঢাকা
- ৬। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৭। পি.এ.টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৮। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৯। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ১০। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা
- ১১। অফিস কপি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
যুগ্ম-পুলিশ কমিশনার (ট্রান্সপোর্ট)
পরিবহন বিভাগ, রাজারবাগ পুলিশ লাইন্স
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
www.police.gov.bd

স্মারক নং-ডিএমপি/জেসি(ট্রান্সপোর্ট)/পিএ/১১

তারিখ: ১৪/০১/২০২৪খ্রি.

বিজ্ঞপ্তি

ঢাকা মেট্রোপলিটন পুলিশের ৪৯তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে ঢাকা মহানগরীতে অবস্থিত স্বনামধন্য সরকারি/বেসরকারি স্কুল, মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নোক্ত গ্রুপভিত্তিক রচনা আহ্বান করা যাচ্ছে:

গ্রুপ	শ্রেণি	শব্দসীমা	বিষয়বস্তু/Topic
ক	মাধ্যমিক (৬ষ্ঠ হতে ১০ম)	অনধিক ৫০০ শব্দ	আমি যদি ট্রাফিক পুলিশ হতাম
খ	মাদ্রাসা (৬ষ্ঠ হতে ১০ম)	অনধিক ৮০০ শব্দ	ইসলামের দৃষ্টিতে আইন শৃঙ্খলা রক্ষা ও নাগরিক দায়িত্ব
গ	কলেজ (একাদশ হতে দ্বাদশ)	অনধিক ৮০০ শব্দ	রাজারবাগের প্রথম প্রতিরোধ এবং মুক্তিযুদ্ধে বাংলাদেশ পুলিশের গৌরবোজ্জ্বল ভূমিকা
ঘ	বিশ্ববিদ্যালয় (পাবলিক/বেসরকারি)	অনধিক ১০০০ শব্দ	স্মার্ট ঢাকা মহানগর গঠনে পুলিশ জনতার পারম্পরিক অংশীদারিত্ব

- উপ-পুলিশ কমিশনারের কার্যালয়ে রচনা পাঠানোর শেষ তারিখ:- ২২/০১/২০২৪খ্রি. ১৫০০ ঘটিকা
- রচনা পাঠানোর ঠিকানা:- উপ-পুলিশ কমিশনার (ওয়ারী/মতিবিলা/রমনা/লালবাগ/তেজগাঁও/মিরপুর/গুলশান/উত্তরা) বিভাগ
- রচনার জন্য প্রতিটি গ্রুপ (ক/খ/গ/ঘ) থেকে দশজন (১০) কে শ্রেষ্ঠ লেখকের পুরস্কার প্রদান করা হবে এবং অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিষ্ঠানের সেরা একজন (০১) কে পুরস্কার প্রদান করা হবে

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী:-

- ১। রচনা প্রতিযোগিতার ক্ষেত্রে কাভার পৃষ্ঠায় শিক্ষা প্রতিষ্ঠানের নাম, নিজের নাম, শ্রেণি/বিভাগ, রোল, শিক্ষাবর্ষ, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা এবং মোবাইল নম্বর লিখতে হবে।
- ২। শিক্ষার্থী স্বহস্তে/টাইপকৃত (১৪ ফন্ট) বাংলা বা ইংরেজিতে লেখা প্রেরণ করতে পারবেন, তবে স্বহস্তে লেখা (বাংলা/ইংরেজি) অধিকার দেয়া হবে।
- ৩। A4 সাইজের সাদা কাগজের উপরে ও বামপাশে ০১ ইঞ্চি করে মার্জিন রেখে এক পৃষ্ঠা করে লিখতে হবে এবং প্রতি পৃষ্ঠার নিচে ডানপাশে পৃষ্ঠা নম্বর দিতে হবে।
- ৪। প্রতিযোগীদের শিক্ষা প্রতিষ্ঠান প্রদত্ত শিক্ষার্থীর পরিচয়পত্রের ফটোকপি ও পাসপোর্ট সাইজের এক কপি ছবি পাঠাতে হবে।
- ৫। প্রতিযোগিকে এই মর্মে অঙ্গিকার দাখিল করতে হবে যে, এই রচনা তার নিজস্ব, রচনাটি অন্য কোন রচনার বাক্যবিশেষ অবিকল নয় বা হুবহু কপি নয়। রচনাটি নকল বা সরাসরি অনুবাদ করা হলে বাতিল বলে গণ্য হবে।
- ৬। পুরস্কারের জন্য নির্বাচিতদের আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে।

(এ বি এম মাসুদ হোসেন সিপিএম-বার)
বিপি-৭৫০৫১০৫০৭৯
যুগ্ম-পুলিশ কমিশনার (ট্রান্সপোর্ট)

ও
সদস্য সচিব
রচনা প্রতিযোগিতা আয়োজন কমিটি
ডিএমপির ৪৯তম প্রতিষ্ঠা বার্ষিকী
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
ফোনঃ ৮৩০৪৬৪৫, ফ্যাক্সঃ ৮৩০১৬১২
E-mail:dmp.jcmt@police.gov.bd